

বাংলাদেশ দূতাবাস
স্টকহোম

নং-প্রবাসী-০১/০৮

তারিখঃ ০৮ মে ২০০৮ ইং

বিজ্ঞপ্তি

অনাবাসী বাংলাদেশীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে বেসরকারীখাতে স্থানীয় ও বিদেশী বিনিয়োগ পরিস্থিতির উন্নয়নে বাংলাদেশ সরকার বিভিন্ন পদক্ষেপ নিচ্ছে। দেশের বিনিয়োগ পরিস্থিতির উন্নয়নে বর্তমান সরকার প্রবাসী বাংলাদেশী নাগরিকদের অবদানকে যথাযথ গুরুত্ব দিয়ে তাদের অধিকতর সেবা সহায়তা দেবার উদ্দেশ্যে বিনিয়োগ বোর্ডে NRB Cell প্রতিষ্ঠা করেছে। এই সেল মূখ্যতঃ অনাবাসী বাংলাদেশী নাগরিকদের দেশে বিনিয়োগে আরও উৎসাহ প্রদান এবং তাদের বিনিয়োগ প্রচেষ্টায় তথ্যগত সেবা প্রদান করবে।

প্রবাসী বাংলাদেশীরা জেনে খুশী হবেন যে, সম্প্রতি বিনিয়োগ বোর্ড অনাবাসী বাংলাদেশী নাগরিকদের একটি database তৈরী করার উদ্যোগ গ্রহণ করেছে, যাতে এই বোর্ড সরাসরি তাঁদের সাথে যোগাযোগ রক্ষা করতে পারে। এই NRB Cell-এ তথ্য প্রদানের জন্য সুইডেন, নরওয়ে, ডেনমার্ক ও ফিনল্যান্ডে অবস্থানরত অনাবাসী বাংলাদেশীগণ তাঁদের নাম, পেশা, যোগাযোগের ঠিকানা, ফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর এই দূতাবাসের মাধ্যমে অথবা সরাসরি বিনিয়োগ বোর্ডে প্রেরণ করতে পারেন।

অনাবাসী বাংলাদেশী নাগরিকদের সাথে যোগাযোগের জন্য গঠিত NRB Cell -এর ঠিকানা নীচে উল্লেখ করা হলো :-

NRB Cell
Member (Foreign Investment)
Board of Investment
Jiban Bima Tower, 10, Dilkusha C/A
Dhaka-1000
Phone # 9561430-31, 9563570, Fax # 88-02-4562312
Web # www.boi.gov.bd, e-mail # www.ecboi@bdmail.net

এ বিষয়ে অত্র দূতাবাস অনাবাসী বাংলাদেশীদের সদয় সহযোগিতা কামনা করছে।

(শাহনাজ গাজী)

কাউন্সেলর ও চ্যান্সারী প্রধান